

দৈনিক
ইত্তেফাক

প্রতিটি দিনের মৌলিক ঘটনা এবং সমস্যা

খুবিতে আর্ক-কেইউ ডিপ্রি শো উদ্বোধন

প্রকাশ : ১৫ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



খুলনা : খুবির নবীন স্থপতিদের গবেষণা কর্ম আর্ক কেইউ ডিপ্রি শো' দেখছেন উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফাযেক উজ্জামান -ইত্তেফাক

এমনকি গ্রামের ঘরবাড়ির শোভাও পাল্টে যাচ্ছে। এর পেছনে যাদের অবদান তারা স্থপতি। গত ৩০ বছরে খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিন দেশে একটি স্বতন্ত্র অবস্থান তৈরি করতে সক্ষম হয়েছে। আজ ডিপ্রি শো'তে নবীন স্থপতিদের যে সমস্ত গবেষণাকর্ম প্রদর্শিত হচ্ছে, যার মাধ্যমে ভবিষ্যত বাংলাদেশকে একটি টেকসই পরিবেশসম্মত সুন্দর নান্দনিক বাংলাদেশ গড়ে তোলার প্রচেষ্টার স্ফুরণ আমরা দেখতে পাই।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন নর্থ ওয়েস্টার্ন ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. তারাপদ ভৌমিক, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর সাধন রঞ্জন ঘোষ, বাংলাদেশ স্থপতি ইনসিটিউটের সভাপতি স্থপতি জালাল আহমেদ, স্থাপত্য ডিসিপ্লিনের সহযোগী অধ্যাপক গৌরী শংকর রায়, নবীন স্থপতি আকাশ প্রমুখ।

অনুষ্ঠানে কৃতী শিক্ষার্থীদের মধ্যে স্নাতকপর্যায়ে হেড লিস্ট ও মাস্টার্স পর্যায়ে বেস্ট থিসিস অ্যাওয়ার্ড প্রদান করা হয়।

খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ে (খুবি) নবীন স্থপতিদের গবেষণা কর্ম আর্ক-কেইউ ডিপ্রি শো'র উদ্বোধন করা হয়েছে। গতকাল রবিবার সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয়ের ড. সত্যেন্দ্রনাথ বসু একাডেমিক ভবনের তৃতীয় তলায় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফাযেক উজ্জামান প্রধান অতিথি হিসেবে দুদিনব্যাপী এই প্রদর্শনীর উদ্বোধন করেন। এর আগে খুবির স্থাপত্য ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. খন্দকার মাহফুজ-উদ-দারাইনের সভাপতিত্বে ডিপ্রি শো'র বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথির বক্তৃতায় উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ ফাযেক উজ্জামান বলেন, সারা দেশে নতুন নতুন ভবন নির্মিত হচ্ছে। নতুন নতুন অবকাঠামো গড়ে উঠছে। বিগত ১০-২০ বছরে ক্রমাগতভাবে দৃষ্টিনন্দন ডিজাইনের ঘরবাড়ি তৈরি হচ্ছে। বাংলাদেশের শহরের

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।